গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moefcc.gov.bd

তারিখ: ৮ শ্রাবণ ১৪৩৩
২৩ জুলাই ২০২৬

**নম্বর: ২২.০০.০০০০.০০০.০৬৭.৪৭.০০২৫.১৫.৩৪৩**

**প্রজ্ঞাপন**

গত ২১ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী বন্যপ্রাণীর নিরাপদ আবাসস্থল সংরক্ষণ, বন্যপ্রাণী রক্ষা এবং এ বিষয়ে ব্যাপক জনসচেতনতামূলক উদ্যোগ গ্রহণের উদ্দেশ্যে আলোচনা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য নির্দেশক্রমে **১০ (দশ) সদস্যবিশিষ্ট** নিম্নরূপভাবে একটি কমিশন গঠন করা হলো:

| ক্র: নং | নাম ও পদবি | কমিশনের পদবি |
|---|---|---|
| ১. | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | কমিশন প্রধান |
| ২. | অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর | সদস্য |
| ৪. | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর | সদস্য |
| ৫. | ড. মোহাম্মদ আলী রেজা খান, বন্যপ্রাণী বিশেষজ্ঞ, প্রাক্তন প্রিন্সিপাল, ওয়াইল্ডলাইফ স্পেশালিস্ট, দুবাই সাফারী পার্ক | সদস্য |
| ৬. | জনাব আশরাফুল হক নোবেল, পরিবেশবিদ, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিশেষজ্ঞ এবং Advisor for GIZ (Deutsche Gesellschaft fur Internationale Zusammenarbeit) | সদস্য |
| ৭. | কান্ট্রি রিপ্রেজেনটেটিভ, আইইউসিএন বাংলাদেশ | সদস্য |
| ৮. | ড. এম. মনিরুল এইচ খান, অধ্যাপক, প্রাণিবিদ্যা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৯. | ডা: হাতেম সাজ্জাত মোঃ জুলকার নাইন, ভেটেরিনারি অফিসার, বন অধিদপ্তর, গাজীপুর সাফারি পার্ক, গাজীপুর | সদস্য |
| ১০. | বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন অধিদপ্তর | সদস্য সচিব |

**কমিশনের কার্যপরিধি:**

I. হাতিসহ অন্যান্য বন্যপ্রাণীর নিরাপদ আবাসস্থল সংরক্ষণের উন্নয়ন, ব্যবস্থাপনা ও সুরক্ষার লক্ষ্যে অবৈধভাবে দখলকৃত ব বিভাগের জমি পুনরুদ্ধারের বিষয়সহ সার্বিক বিষয়ে পরামর্শ প্রদান;
II. সুন্দরবনের রয়েল বেঙ্গল টাইগারের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ;
III. বন্যপ্রাণীর খাদ্য নিশ্চিতের লক্ষ্যে বনে ফলজ গাছ রোপণের পরিকল্পনাসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণে পরামর্শ প্রদান;
IV. হাতিসহ অন্যান্য বন্যপ্রাণীর নিকটবর্তী স্থানে বসবাসরত অধিবাসীদের জন্য বন্যপ্রাণী রক্ষা করার লক্ষ্যে জনসচেতনতামূল উদ্যোগ গ্রহণের পরিকল্পনাসহ বন্যপ্রাণী ও মানুষের দ্বন্দ্ব নিরসনে কার্যক্রম গ্রহণে পরামর্শ প্রদান এবং
V. সরকার কর্তৃক, সময় সময়, প্রদত্ত এ সম্পর্কিত অন্যান্য দায়িত্ব পালন।

০২। কমিশন প্রয়োজনে বিশেষজ্ঞ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রতিনিধিকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত (co-opt) করতে পারবে।

০৩। কমিশন প্রতি ৬ মাসে ন্যুনতম ১ (এক) বার অথবা বিশেষ প্রয়োজনে সময়ে সময়ে সভা আয়োজন করতে পারবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপনটি জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৩-০৭-২০২৬
মোছাঃ মোহছিনা আকতার বানু
উপসচিব
ইমেইল : forest2moef@gmail.com

**নম্বর:** ২২.০০.০০০০.০০০.০৬৭.৪৭.০০২৫.১৫.৩৪৩/১ (১৯)

তারিখ: ৮ শ্রাবণ ১৪৩৩
২৩ জুলাই ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব.........................................., মন্ত্রণালয়/বিভাগ।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৫। প্রধান বন সংরক্ষক (ভারপ্রাপ্ত ), প্রধান বন সংরক্ষকের দপ্তর, বন অধিদপ্তর।
৬। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালকের দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর।
৭। যুগ্মসচিব (বন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৮। ড. মোহাম্মদ আলী রেজা খান, বন্যপ্রাণী বিশেষজ্ঞ, প্রাক্তন প্রিন্সিপাল ওয়াইল্ডলাইফ স্পেশালিস্ট, দুবাই সাফারি পার্ক।
৯। জনাব আশরাফুল হক নোবেল, পরিবেশবিদ, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিশেষজ্ঞ এবং Advisor for GIZ।
১০। কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ, আইইউসিএন বাংলাদেশ।
১১। ড. এম. মনিরুল এইচ খান, অধ্যাপক, প্রাণিবিদ্যা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যাণয়, সাভার।
১২। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন অধিদপ্তর।
১৩। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৪। উপপরিচালক (উপসচিব), উপ-পরিচালকের দপ্তর, বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে অতিরিক্ত সংখ্যায় প্রকাশসহ ২৫০ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭। প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী (পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক)-এর একান্ত সচিব, (মাননীয় প্রধানমন্ত্রীর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশেষ সহকারীর সদয় অবগতির জন্য)।
১৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯। ডা: হাতেম সাজ্জাত মোঃ জুলকার নাইন, ভেটেরিনারি অফিসার, বন অধিদপ্তর, গাজীপুর সাফারি পার্ক, গাজীপুর।

২৩-০৭-২০২৬
মোছাঃ মোহছিনা আকতার বানু
উপসচিব